এইচএসসি পরীক্ষা ২০১৭ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

বিষয় : ইসলামের ইতিহাস ও সংস্কৃতি ১ম পত্র (সৃজনশীল)

বিষয় কোড : | ২ | ৬ | ৭ |

সময়: ২ ঘণ্টা ১০ মিনিট   পূর্ণমান: ৬০

দ্রষ্টব্যঃ দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ৯টি প্রশ্ন থেকে যে কোন ৬টি প্রশ্নের উত্তর দাও।

১.▶ সাধারণভাবে আইয়ামে জাহেলিয়া বলতে মহানবী (সাঃ) কর্তৃক ইসলাম প্রচার শুরুর পূর্বের যুগকে বোঝায়। একে অনেকে অজ্ঞতা বা তমাসার যুগ বলে থাকেন। আরবের অধিবাসীদের মধ্যে শহরবাসী আরবদের রাজনৈতিক অবস্থা কিছুটা ভালো থাকলেও মরুবাসী আরবদের রাজনৈতিক অবস্থা ছিল অত্যন্ত নৈরাজ্যকর। জাহেলিয়া যুগের আরব বাসীগণ অসাধারণ সৃজনশক্তি ও স্মৃতিশক্তির অধিকারী ছিল। তারা কাব্য চর্চা ও সাহিত্যচর্চার প্রতি অত্যন্ত মনোযোগী ছিল।

ক. ভূ-প্রকৃতির বৈশিষ্ট্য অনুসারে আরব উপ-দ্বীপ কয় ভাগে বিভক্ত ছিল? ১

খ. আইয়ামে জাহেলিয়া বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকে উল্লিখিত সময়ের রাজনৈতিক অবস্থা বর্ণনা করো। ৩

ঘ. উদ্দীপকের সর্বশেষ অংশ দ্বারা কোন অবস্থার দিকে ইঙ্গিত করা হয়েছে তার বিবরণ দাও। ৪

২.▶ স্ত্রী পড়ছেন তাই আঙ্গুল কেটে নিলেন স্বামী। লেখাপড়া করাই তার কাল হলো। স্বামীর অসম্মতিতে কলেজে ভর্তি হওয়ায় গৃহবধূ রেশমাকে এ শাস্তি দেওয়া হয়। ঘটনাটি ঘটেছে ৪ ডিসেম্বর ২০১১। ভুক্তভোগী গৃহবধূ নরসিংদী সরকারি কলেজের দ্বাদশ শ্রেণির ছাত্রী।

ক. হাজরে আসওয়াদ কী? ১

খ. জাহেলিয়া যুগেও খাদিজাতুল কুবরাকে 'খাদিজাতুত তাহিরা' বলা হতো কেনো? ২

গ. উদ্দীপকে উল্লিখিত চিত্রে আইয়ামে জাহেলিয়ার কোন বিষয়টি দৃশ্যমান – ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের ঘটনা যেন জাহেলিয়া যুগের নারীর বাস্তব চিত্র – পাঠ্য পুস্তকের আলোকে মূল্যায়ন করো। ৪

৩.▶ মাতৃভূমি ত্যাগ করে মাতুতালয়ে 'C' শহরে ধর্মভিত্তিক কর্মকাণ্ড পরিচালনা ও ধর্মানুরাগী রাষ্ট্র কায়েম করার পর 'E' নামক এ ধর্মযাজক তার প্রচারিত ধর্মীয় রাষ্ট্রের বুনিয়াদ সুদৃঢ় বরার জন্য এবং শহরের বিভিন্ন সম্প্রদায়ের মধ্যে সদ্ভাব ও সম্প্রীতি প্রতিষ্ঠা করার উদ্দেশ্যে ৪৭টি শর্তবিশিষ্ট একটি নীতিমালা তৈরি করেন, যা 'L' সনদ নামে পরিচিত। এ সনদ ছিল বিশ্বের সর্বপ্রথম লিখিত দলিল এবং এক যুগান্তকারী বিপ্লব।

ক. মদীনা সনদ কী? ১

খ. হিজরত বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে বর্ণিত 'L' সদের সাথে তোমার পাঠ্যপুস্তকের কোন সনদের সাদৃশ্য লক্ষ করা যায়? ব্যাখ্যা করো। ৩

ঘ. উক্ত সনদ ছিল পৃথিবীর সর্বপ্রথম লিখিত দলিল – উক্তিটির যথার্থতা মূল্যায়ন করো। ৪

৪.▶ আক্কেলপুর ইউনিয়নের মানুষ অত্যন্ত ধর্মানুরাগী। তারা একটি মসজিদ নির্মাণের প্রয়োজন অনুভব করে। সে আলোকেই সিদ্ধান্ত গৃহীত হয়। মসজিদের নির্মাণ ব্যয় ও জায়গার জন্য অনুদান সংগ্রহের চেষ্টা চালিয়ে যায়। কামাল উদ্দিন একই এলাকার বাসিন্দা। তিনি এলাকাবাসীর এ ধরনের উদ্যোগকে স্বাগত জানান। তিনি মসজিদ নির্মাণের সকল ব্যয়ভার বহন করার ঘোষণা দেন। এতে এলাকাবাসী খুবই আনন্দিত হয়।

ক. হযরত ওসমান (রাঃ) এর শাসনকাল কত বছর স্থায়ী হয়েছিল? ১

খ. কুরআন সংকলনে হযরত ওসমান (রাঃ) এর অবদান ব্যাখ্যা করো। ২

গ. কামাল উদ্দিন সাহেব কোন খলিফাকে অনুসরণ করে মসজিদের সকল ব্যয়ভার গ্রহণ করেছেন? বর্ণনা করো। ৩

ঘ. কামাল উদ্দিন সাহেবের অবদান সমাজে ধর্মীয় কাজকে ত্বরান্বিত করেছে। তোমার মতামতের সপক্ষে যুক্তি দাও। ৪

৫.▶ আরমান সাহেব একজন জমিদার ছিলেন। তিনি ধর্মীয় ব্যাপারে খুবই দৃঢ়চেতা। তার প্রখর মেধা ও প্রজাবাৎসল্যের কারণে জমিদারি দীর্ঘদিন টিকে ছিল। একবার প্রাকৃতিক বিপর্যয়ে কামারখালি এলাকা ব্যাপক ক্ষয়ক্ষতি হয়। তাদের পুনর্বাসন নিয়ে আরমান সাহেবের সাথে সিনিয়র গভর্নরদের মধ্যে দূরত্ব সৃষ্টি হয়। উভয় পক্ষের মধ্যে আলোচনা চলার সময় বাকবিতণ্ডার সৃষ্টি হয়। যার ফলে দুর্ভোগ আরও চরমে পৌছে।

ক. হযরত আলী (রাঃ) এর জন্ম কত সালে? ১

খ. হযরত আলী (রাঃ) আসাদুল্লাহ উপাধী কীভাবে লাভ করেন? ২

গ. আরমান সাহেবের সাথে গভর্নরদের যে মনোমালিন্য হয়েছিল তা কোন খলিফার সময়ের ঘটনাকে ইঙ্গিত করে? যুক্তি দাও। ৩

ঘ. হযরত আলী (রাঃ) এর খিলাফতকালে কী সমস্যা সৃষ্টি হয়? উদ্দীপকের আলোকে ব্যাখ্যা করো। ৪

৬.▶ শাহাবুদ্দিন সাহেব একজন ইতিহাসের শিক্ষক। তিনি একদিন তার ছাত্রদের একটি রক্তক্ষয়ী শাসনের বর্ণনা দিতে গিয়ে বলেন, আমাদের প্রিয় নবি তাঁর নাতীদের খুবই আদর-স্নেহ করতেন। অন্য এক মুসলমান ক্ষমতা লিপসু, ঠক, বিশ্বাসঘাতক ব্যক্তির কারণে নবীর প্রিয় নাতিকে প্রাণ হারাতে হয়েছিল। এ ঘটনার পর ইসলামের প্রাণকেন্দ্র মক্কা মদিনার প্রাধান্য লোপ পায়। হত্যাকারী লোক মুসলমানদের ধর্মীয় অনুভূতিতে আঘাত হানে। তবে সাময়িক জয়, পরাজয়ের নামান্তর। মাত্র ৯০ বছরের মধ্যে ঐ অত্যাচারী বংশেরও পতন ঘটে।

ক. কোন খলিফাকে রাজেন্দ্র বলা হয়? ১

খ. ইমাম হুসাইনের চরিত্রের বিবরণ দাও। ২

গ. শিক্ষক শাহাবুদ্দিনের আলোচিত ঘটনাটি পাঠ্যপুস্তকের যে যুদ্ধের ইঙ্গিত বহন করে তার বর্ণনা দাও। ৩

ঘ. উদ্দীপকের ঘটনাটি ইসলামি শাসনব্যবস্থা খুবই গুরুত্বপূর্ণ — উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৭.▶ 'ক' নামক বিখ্যাত শাসকের মৃত্যুর পর তার পুত্র সুলায়মান পিতার মনোনয়ন অনুযায়ী সিংহাসনে আরোহণ করেন। আড়ম্বর প্রিয় এ শাসকের মন্ত্রীগণ তাঁর বৈমাত্রেয় ভাই আহসানের বিরুদ্ধে নানারূপ ষড়যন্ত্র শুরু করেন। বাধ্য হয়ে ভাই সুলায়মানের বিরুদ্ধে আহসানকে অস্ত্রধারণ করতে হয়। শুরু হয় ভাইয়ে ভাইয়ে গৃহযুদ্ধ। যুদ্ধে আড়ম্বর প্রিয় শাসক সুলায়মান শোচনীয়ভাবে পরাজিত ও নিহত হন।

ক. খলিফা হারুন-অর-রশিদ কত খ্রিষ্টাব্দে মারা যান? ১

খ. খলিফা হারু-অর-রশিদের আমলের বাগদাদ নগরীর বিবরণ দাও। ২

গ. উদ্দীপকে বর্ণিত গৃহযুদ্ধের সাথে তোমার পঠিত কোন গৃহ যুদ্ধের মিল রয়েছে তা ব্যাখ্যা করো। ৩

ঘ. তুমি কী মনো করো উক্ত যুদ্ধে জাঁকজমক প্রিয় শাসকের পরিণতির জন্য তিনি নিজেই দায়ী — উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৮.▶ রূপনগরের জমিদার শান্তিনগরের জমিদার সালাহ্ উদ্দিনের নিকট পরাজিত হয়ে জমিদারি হারান। বিজয়ী সালাহ্ উদ্দিন রূপনগরের জমিদারের বংশধরদের উপর নৃশংস হত্যাকাণ্ড চালান। তার এ হত্যাযজ্ঞ থেকে কোনো রকমে রেহাই পেয়ে তারিক নামক ২০ বছরের এক যুবরাজ মাতুলালয়ে আশ্রয় নেন। সেখান থেকে ভাগ্যান্বেষণে পার্শ্ববর্তী গোপীনাথপুরে তিনি একটি স্বাধীন জমিদারী প্রতিষ্ঠা করেন।

ক. কোন মুসলিম শাসক প্রথম স্পেন বিজয় করেন? ১

খ. তারিক-বিন-যিয়াদ ইতিহাসে এত বিখ্যাত কেন? ২

গ. উদ্দীপকের তারিকের সাথে স্পেনের কোন উমাইয়া শাসকের মিল রয়েছে? আলোচনা করো। ৩

ঘ. উক্ত শাসকের কৃতিত্ব আলোচনা করো। ৪

৯.▶ সুশাসন প্রতিষ্ঠার জন্য সম্রাট করিম বক্স বিকেন্দ্রীকরণ নীতির উপর জোর দেন। পুরো সাম্রাজ্যকে তিনি প্রদেশ, বিভাগ, জেলা ও উপজেলায় ভাগ করে সরকারি কর্মকর্তা কর্মচারীদের কেন্দ্র থেকে এসব অফিসে রদবদল করেন। তিনি সেনাবাহিনীর সদস্য সংখ্যা বৃদ্ধি করেন। সেনাবাহিনী ও নৌ-বাহিনীর বেতন কাঠামো পরিবর্তন করেন।

ক. ওবায়দুল্লাহ আল মাহাদী কত খ্রিস্টাব্দে সিংহাসনে আরোহণ করেন? ১

খ. ফাতেমী কারা? ২

গ. উদ্দীপকে বর্ণিত শাসকের সাথে তোমার পঠিত কোন শাসকের মিল রয়েছে তা ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত শাসকের কার্যকলাপ বর্তমান যুগে প্রচলন করা কতটুকু যুক্তিযুক্ত তা ব্যাখ্যা করো। ৪

বিষয় ঃ ইসলামের ইতিহাস ও সংস্কৃতি-১ম পত্র (বহুনির্বাচনি)

বিষয় কোড : ২ ৬ ৭

সময় : ৪০ মিনিট

পূর্ণমান: ৪০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনী অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১]

---

১. আরবগণ কোন জাতির বংশধর?
(ক) সেমেটিক জাতির (খ) আর্য জাতির
(গ) গ্রিক জাতির (ঘ) হ্যামিটিক জাতির

২. মিশরীয় সভ্যতা কোন নদীর তীরে অবস্থিত?
(ক) নদীর নদের (খ) ইউফ্রেটিন নদীর
(গ) টাইগ্রিস নদীর (ঘ) হোয়াংহো নদীর

৩. জাহেলি যুগের শ্রেষ্ঠ কবির মর্যাদা লাভ করেন কে?
(ক) আনতারা বিন শাদদাদ (খ) ইমরুল কায়েস
(গ) যুহাইর বিন আবিসালমা
(ঘ) লাবিদ বিন রাবিয়া

৪. 'আইয়ামে-জাহেলিয়া' বলতে বোঝায়—
i. ইসলামপূর্ব যুগকে
ii. অন্ধকার যুগকে
iii. ইসলাম আবির্ভাবের পূর্ববর্তী এক শতাব্দীকে
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৫. মদিনার পূর্ব নাম কী?
(ক) আকাবা (খ) হেজাজ
(গ) ইয়াসরিব (ঘ) কুবা

৬. "হাজরে আসওয়াদ" কী?
(ক) কালো পাথর (খ) সাদা পাথর
(গ) নীল পাথর (ঘ) লাল পাথর

নিচের অনুচ্ছেদটি পড়ো এবং ৭ ও ৮ নম্বর প্রশ্নের উত্তর দাও।

হযরত মুহাম্মদ (স.) এর অনুপম চরিত্র এবং সত্যনিষ্ঠার কথা আরবের সর্বত্র ছড়িয়ে পড়ায় জনৈক মহিলা মুহম্মদ (স.) কে ব্যবসায়ের তত্ত্বাবধায়ক নিযুক্ত করেন।

৭. উদ্দীপকে নিচের কোন মহিলার কথা বলা হয়েছে?
(ক) হযরত জয়নব (রা.) (খ) হযরত সালমা (রা.)
(গ) হযরত আয়েশা (রা.) (ঘ) হযরত খাদিজা (রা.)

৮. উক্ত মহিলা হযরত মুহম্মদ (স.) কে ব্যবসার তত্ত্বাবধায়ক নিযুক্ত করেছিলেন কেন?
i. হযরত মুহম্মদ (স.) এর সত্যবাদী চরিত্রের জন্য
ii. হযরত মুহম্মদ (স.)এর সততার জন্য
iii. হযরত মুহম্মদ (স.) এর বিশ্বস্ততার জন্য
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৯. 'কুরাইশ' শব্দের অর্থ কী?
(ক) বাণিজ্য কাফেলা (খ) কৃষিজীবী
(গ) খেজুর ব্যবসায়ী (ঘ) সওদাগর

১০. কুরাইশরা মহানবী (স.) কে কী উপাধি দিয়েছিল?
(ক) সাদিক (খ) খলিদাতুল্লাহ
(গ) সাইফুল্লাহ (ঘ) আল আমিন

১১. মহানবি (স.) এর আগমনের কারণ হলো—
i. মদিনার রাষ্ট্রপ্রধান হওয়া
ii. অধিকারবঞ্চিত মানুষের মুক্তি
iii. নির্যাতিত মানুষের মুক্তি
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১২. খন্দকের যুদ্ধে মুসলমানদের সংখ্যা ছিল কত?
(ক) ২,০০০ (খ) ৩,০০০
(গ) ৪,০০০ (ঘ) ৫,০০০

১৩. বদরের যুদ্ধে প্রত্যক্ষ কারণ কী?
(ক) কুরাইশ নেতার বন্দি (খ) নাখলার খন্ডযুদ্ধ
(গ) কুরাইশদের হাতে অস্ত্র আসা
(ঘ) আবু জেহেলের ব্যক্তিগত ইচ্ছা

১৪. হুদাবিয়ার সন্ধিকে ফাতহুম মুবিন বলা হয় কারণ—
i. ইসলামের পথ প্রশস্ত হয়েছিল
ii. ইহুদিরা ইসলাম গ্রহণ করেছিল
iii. কুরাইশরা মুসলমানদের জাতি হিসাবে স্বীকৃতি দেয়
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১৫. মজলিশ উশ শূরা কে চালু করেন?
(ক) হযরত আবু বকর (রা.) (খ) হযরত ওমর (রা.)
(গ) আল ওয়ালিদ (রা.) (ঘ) মুয়াবিয়া (রা.)

১৬. 'আমিরুল মুমিনীর' উপাধি কে ধারণ করেন?
(ক) হযরত আবু বকর (রা.) (খ) হযরত ওমর (রা.)
(গ) হযরত আলী (রা.) (ঘ) মুয়াবিয়া (রা.)

১৭. 'রিদ্দ' সংঘটিত হয়েছিল কোন খলিফার শাসনামলে?
(ক) হযরত আবু বকর (রা.) (খ) হযরত ওমর (রা.)
(গ) হযরত ওসমান (রা.) (ঘ) হযরত আলী (রা.)

১৮. উষ্ট্রের যুদ্ধ সংঘটিত হয় কত খ্রিঃ?
(ক) ৬৫৬ (খ) ৬৫৭
(গ) ৬৫৯ (ঘ) ৬৬১

১৯. হযরত ওমর (রা.) এর শাসনব্যবস্থা কেমন ছিল?
(ক) একনায়কতন্ত্র (খ) জবাবদিহিতামূলক
(গ) সমাজতান্ত্রিক (ঘ) স্বেচ্ছাচারী

নিচের অনুচ্ছেদটি পড়ো এবং ২০ ও ২১ নম্বর প্রশ্নের উত্তর দাও।

মহানবি (স.) এর সাহাবি ছিলেন, যিনি তাঁর দুজন কন্যাকে বিয়ে করেছিলেন। তিনি ইসলামের প্রসারে তাঁর সম্পদ ব্যয় করেছিলেন। মহানবি (স.) তাঁকে খুব ভালোবাসতেন। তিনি খুব ধার্মিক ছিলেন। অথচ তাঁকে হত্যা করা হয়েছিল।

২০. অনুচ্ছেদে মহানবি (স.) এর কোন সাহাবির কথা বলা হয়েছে?
(ক) তালহা (রা.) (খ) যুবাইর (রা.)
(গ) ওসমান (রা.) (ঘ) আলী (রা.)

২১. অনুচ্ছেদে বর্ণিত সাহাবিকে হত্যার সাথে জড়িত—
i. কুফার বিদ্রোহীরা
ii. বসরার বিদ্রোহীরা
iii. মিশরের বিদ্রোহীরা
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২২. মুয়াবিয়া হযরত ওমর (রা.) এর আস্থা অর্জন করেন—
i. কঠোর পরিশ্রমের গুণে
ii. শাসনকাজে দক্ষতার গুণে
iii. অমায়িক ব্যবহারের গুণে
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

২৩. ইসলামের ইতিহাসের সর্বশ্রেষ্ঠ বিজেতা হিসাবে পরিচিত কে?
ক নেপোলিয়ন খ সিজার
গ আলেকজান্ডার ঘ ওয়ালিদ

২৪. মুয়াবিয়া কর্তৃক সচিবালয় যথার্থ কারণ কোনটি?
ক শাসনকাজের সুবিধা
খ রাজতন্ত্রের স্থায়ীকরণ
গ শাসনব্যবস্থাকে শক্তিশালীকরণ
ঘ বিজিত রাজ্যগুলো নিয়ন্ত্রণ

২৫. কুব্বাতুস সাখরা কে নির্মাণ করেন?
ক মুয়াবিয়া (রা.) খ ইয়াজিদ
গ আব্দুল মালিক ঘ আল ওয়ালিদ

২৬. ওয়ালিদ কত খ্রিঃ ক্ষমতা গ্রহণ করেন?
ক ৬৮৫ খ ৭০৫
গ ৭১৫ ঘ ৭১৭

২৭. আরবি মুদ্রা কে চালু করেন?
ক মুয়াবিয়া খ মারওয়ান
গ আব্দুর মালিক ঘ আল ওয়ালিদ

নিচের অনুচ্ছেদটি পড়ো এবং ২৮ ও ২৯ নম্বর প্রশ্নের উত্তর দাও।

নিগুয়ারী ইউনিয়নের শ্রেষ্ঠ চেয়ারম্যান ছিলেন শাহাবউদ্দিন। তিনি একাধারে দীর্ঘ দশ বছর চেয়ারম্যান ছিলেন। তিনি পূর্ববর্তী চেয়ারম্যানের আদর্শ ও নীতি অনুসরণ করে চলতেন। তিনি জাঁকজমক ও আড়ম্বর পছন্দ করতেন না। তিনি ও তার পরিবারের সকলে অত্যন্ত সাদাসিধা জীবনযাপন করতেন। তিনি তার অধীনস্তদের বলেন, নম্রভাবে শাসন করিও, নিষ্ঠুরভাবে নয়।

২৮. উদ্দীপকে শাহাবউদ্দীন দ্বারা কোন শাসককে ইঙ্গিত করা হয়েছে?
ক উমর বিন আব্দুল আজিজ খ আল ওয়ালিদ
গ আব্দুল মালিক ঘ মুয়াবিয়া

২৯. উক্ত শাসক জীবনযাপন করতেন—
i. সাদাসিধা
ii. জাঁকজমকপূর্ণ
iii. আনন্দময়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৩০. জাবের যুদ্ধে কাদের পতন হয়?
ক আব্বাসীয়দের খ উমাইয়াদের
গ কুরাইশদের ঘ মিশরীয়দের

৩১. আব্বাসি বংশের প্রতিষ্ঠাতা কে—
ক আবু আব্বাস খ আবু জাফর
গ হারুন অর রশীদ ঘ আল আমিন

৩২. কত সালে বাগদাদ নগরী ধ্বংস হয়?
ক ১২৪২ সালে খ ১২৪৪ সালে
গ ১২৪৮ সালে ঘ ১২৫৮ সালে

৩৩. 'বায়তুল হিকমা' কী?
ক গবেষণাগার খ রাজপ্রাসাদ
গ প্রমোদ তরী
ঘ এক ধরনের স্থাপত্য

৩৪. আব্বাসীয় আমলে সেনাবাহিনী ধ্বংস হয়ে যাওয়ার কারণ—
i. জ্ঞান বিজ্ঞানের দিকে খলিফাদের ঝোঁক
ii. আমোদ প্রমোদ
iii. বেতন কমে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

নিচের অনুচ্ছেদটি পড়ো এবং ৩৫ ও ৩৬ নম্বর প্রশ্নের উত্তর দাও।

খলিফা 'ক' মৃত্যুর পূর্বে তার উত্তরাধিকারী হিসাবে দুই পুত্রকে মনোনীত করলে উভয়ের মধ্যে দ্বন্দ্ব দেখা দেয়।

৩৫. উদ্দীপকে কোন খলিফাকে নির্দেশ করা হয়েছে?
ক হারুন-অর-রশীদ খ আল মুনসুর
গ আবুল আব্বাস ঘ আল ওয়ালিদ

৩৬. দুজন উত্তরাধিকারীর মধ্যে দ্বন্দ্ব হওয়ার যথার্থ কারণ হলো—
i. আমিনের রাজকাজে অবহেলা
ii. মামুনের রাজনৈতিক দূরদর্শিতা
iii. মামুনের আমোদপ্রিয়তা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৩৭. মুসা বিন নুসায়ের কোন দেশের শাসক ছিলেন?
ক পারস্যের খ সিরিয়ার
গ স্পেনের ঘ আফ্রিকার

৩৮. মুসলিম স্পেনের রাজধানী ছিল—
ক টলেডো খ কর্ডোভা
গ মেরিদা ঘ সিউটা

৩৯. উত্তর আফ্রিকার ফাতেমি বংশের প্রতিষ্ঠাতা কে?
ক আল মুনসুর খ আল কাইম
গ আল মাহদি ঘ আল হাকিম

৪০. কাকে শ্রেষ্ঠ ফাতেমি খলিফা বলা হয়?
ক আল মাহদি খ আল কাইমা
গ আল মনসুর ঘ আল মুইজ

১	ক	২	ক	৩	খ	৪	গ	৫	গ	৬	ক	৭	ঘ	৮	ঘ	৯	ক	১০	খ	১১	গ	১২	খ	১৩	ঘ	১৪	ঘ	১৫	ঘ	১৬	খ	১৭	ক	১৮	ঘ	১৯	খ	২০	গ
২১	ঘ	২২	ঘ	২৩	ঘ	২৪	গ	২৫	গ	২৬	খ	২৭	গ	২৮	ক	২৯	খ	৩০	খ	৩১	ক	৩২	ঘ	৩৩	ক	৩৪	ঘ	৩৫	ক	৩৬	ক	৩৭	ঘ	৩৮	খ	৩৯	গ	৪০	ঘ